ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
২। কোটেশনের কপি।
৩। প্রাক্কলন।

বিষয়ঃ মডস জোন-৩ এর অফিস সেকশনের ফটোকপি মেশিনের জন্য টোনার এবং প্রিন্টারে ব্যবহারের জন্য টোনার ক্রয় করণ প্রসঙ্গে।

১। মডস জোন-৩ এর প্রশাসনিক ও দাপ্তরিক কাজ সুষ্ঠু ভাবে সম্পাদান করার জন্য সংগ্রহ বিভাগ হতে একটি আপডেট মডেলের ফটোকপি মেশিন সরবরাহ করা হয়। ফটোকপি মেশিনটি বর্তমানে চালু আছে কিন্তু মেশিনটির টোনারের কালি শেষ হয়ে যাওয়ায় ফটোকপি মেশিনটি চালানো সম্ভব হচ্ছে না। টোনার স্বল্পতার কারণে প্রশাসনিক ও দাপ্তরিক কাজ যথাসময়ে সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে অসুবিধা সৃষ্টি হচ্ছে। উল্লেখ্য যে, ইতিপূর্বে কমন সার্ভিস বিভাগকে লিখিত ও মৌখিক ভাবে অবহিত করলে তারা জানায় বর্তমানে মেশিন ও প্রিন্টারের টোনার মজুদ নেই। তাই সকল কাজ সুষ্ঠুভাবে যথাসময়ে সম্পন্ন করণের জন্য ফটোকপি মেশিন ও প্রিন্টারের টোনার জরুরি ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। ফটোকপি মেশিন ও প্রিন্টারের টোনার ক্রয় করার জন্য বর্তমান বাজার দর অনুযায়ী ১টি কোটেশন সংগ্রহ করা হয়েছে যার ক্রমিক নং-২। কোটেশন অনুযায়ী একটি প্রাক্কলন উপস্থাপন করা হলো। যার টাকার পরিমান দাড়িয়েছে মোট =২৪,৬১৬/-(চব্বিশ হাজার ছয়শত ষোল) টাকা মাত্র।

২। এমতাবস্থায়, উপরিউক্ত বিস্তারিত বর্ণনার আলোকে মডস জোন-৩ এর অফিস সেকশনের ফটোকপি মেশিনের জন্য টোনার এবং প্রিন্টারে ব্যবহারের জন্য টোনার ক্রয় করণ কাজটি সম্পাদনের নিমিত্তে নিমোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট=২৪,৬১৬/-(চব্বিশ হাজার ছয়শত ষোল) টাকার প্রাক্কলনটি অনুমোদন;
খ) পিপিআর- ২০০৮ এর বিধি ৮১/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতি (অস্থায়ী অগ্রিম) হিসাবে সম্পাদনের অনুমোদন এবং
গ) আলোচ্য কাজের ব্যয়ভার মড়স জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের "Printing and stationery" এর ক্রমিক নং-১৭(০১-০২-০১৬) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ "প্রধান প্রকৌশলী" মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

21.07.2025
শাবানা ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মড়স জোন-৩, ঢাকা ওয়াসা

SDE
২৭/৭/২৫
মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মড়স জোন-৩, ঢাকা ওয়াসা।

24.7.25
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড়স জোন-৩ ঢাকা ওয়াসা

SE, MODS circle-1
২৭/০৯/২৫
মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০৩ অনুমোদিত
29/09/25
CE
প্রকৌশলী মোঃ আব্দুস সাত্তার ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

CamScanner